

**কে**উ কেউ বলেন ডিজিটাল ডিভাইস ও কম্পিউটার আমাদের বুদ্ধিমত্তা বাড়াতে সহায়তা করে কিংবা এগুলো আমাদের জন্য উপকারী। এগুলো আমাদের সুনির্দিষ্ট কিছু সক্ষমতা বাড়ায়, যেমন রিয়ালিশন টাইম। সম্ভবত তা কিছুটা হলেও সত্য, তবে সাম্প্রতিক গবেষণা মতে, এই উপকারটা খুবই সীমিত।

সংক্ষেপে বললে বলতে হয়- গবেষণায় দেখা গেছে, অব্যাহতভাবে আমাদের মনোযোগ ভিন্নমুখী করে ইন্টারনেট আমাদের বৈধজ্ঞানের ওপর নেতৃত্বাচক প্রভাব ফেলছে, তবে তা আমাদের মন্তিকে বৈপ্লাবিক পরিবর্তন আনছে না।

গবেষণায় আরো দেখা যায়, যদিও ভিডিও গেম ও মন্তিকের প্রশিক্ষণ প্রভাব পেলে যথাক্রমে আমাদের আগ্রাসন ও বোধশক্তির ওপর, এই প্রভাবের পরিসর আমাদের ভাবনার তুলনায় অনেক কম।

ডিজিটাল ডিভাইসের ঝুঁকি কমিয়ে আনা যেতে পারে মানুষকে এমনভাবে শিক্ষিত করে তুলে- যাতে মনোযোগ, আত্মনিয়ন্ত্রণ, জটিল চিন্তার দক্ষতা জোরদার করে তোলা যায়।

দশ বছর আগে প্রযুক্তিবিদ্যক লেখক Nicholas Carr আটলাটিক পত্রিকায় একটি লেখা প্রকাশ করেন। লেখাটির শিরোনাম ছিল- Is Google Making Us Stupid? লেখাটিতে তিনি এর ‘হ্যাঁ’ জবাবটিই সমর্থন করেন। তিনি অভিযোগ করেন, ইন্টারনেট ব্যাপকভাবে আমাদের মন্তিক পরিবর্তন করে চলেছে। এটি ছিল ইন্টারনেটের ও ইন্টারনেটে ব্যবহারের বিভিন্ন ডিভাইস অর্থাৎ সেলফোন, ট্যাবলেট, গেম কস্টোল ও ল্যাপটপের বিরুদ্ধে একটি বিরুপতা। কখনো কখনো একই অভিযোগ তোলা হয় সেইসব ভিডিও গেমের বিরুদ্ধে, যেগুলোতে রয়েছে যুদ্ধবিহু। দাবি করা হয়, এগুলো খেলোয়াড়দের সন্ত্রাসী করে তোলে। কিন্তু ডিজিটাল ডিভাইসের পক্ষে রয়েছে এর প্রবল সমর্থকও। বিশেষত, ব্রেন-ট্রেইনিং গেমের প্রয়োটরেরা এই সমর্থকদের অন্যতম। এদের দাবি, ডিজিটাল ডিভাইস আমাদের মনোযোগ, স্মৃতি ও ম্যায়ুবিক উদ্দীপনা বাড়িয়ে তুলতে সহায়তা করে। এখন প্রশ্ন হচ্ছে- কাদের দাবি সঠিক?

এর সোজাস্টো কোনো জবাব নেই। বিচেন্নায় আনুন Nicholas Carr-এর অভিযোগ। তিনি উদ্বৃত্ত করেছেন ম্যায়ুবিজ্ঞানীদের গবেষণালক্ষ ফলের কথা। তারা দেখিয়েছেন, মন্তিক আমাদের আগেকার জানা বোঝার তুলনায় অনেক বেশি প্লাস্টিক। অন্য কথায়, সময়ের সাথে মন্তিকের সক্ষমতা রয়েছে একে রিপ্রোগ্রাম করার, এটি হতে পারে মন্তিকের ওপর ইন্টারনেটের প্রভাবে। এরপরও ২০১০ সালে ‘লস অ্যাঞ্জেলেস টাইমস’-এ প্রকাশিত একটি অভিমতমূলক লেখায় তৎকালীন ইউনিয়ন কলেজের মনস্তত্ত্ববিদি ক্লিস্টোফার চেরিস এবং ইলিনিয় বিশ্ববিদ্যালয়ের ড্যানিলেল চে সিমসন আরবান-ক্যাম্পেইনে সাক্ষ্যপ্রমাণ দিয়ে কারেন অভিমতকে

খন্দন করেন। তারা বলেন- ‘শুধু পরীক্ষামূলক সাক্ষ্য প্রমাণেই দেখানো হয়নি যে, নতুন নতুন প্রযুক্তির সাথে বসবাস মৌলিকভাবে মন্তিকের গঠনে পরিবর্তন আনে, সেই সাথে এটি মন্তিকের আলোকপাত করার ক্ষমতার ওপরও বিরুপ প্রভাব ফেলে।’

আমরা ‘স্টুপিড’ হয়ে যাচ্ছি, এ ধারণা আসে কোথা থেকে? এটি অংশত আসে সে জ্ঞান

ইন্টারনেটে মাল্টিটাক্সিং প্যারাডক্সিক্যালি (যে উক্তি আপাতত স্ববিরোধী মনে হলেও সত্যবিবর্জিত নয়) ইউজারদের এক কাজ থেকে আরেক কাজে যাওয়ার ব্যাপারে কম সক্ষম করে ফেলে। এরা তাদের মনোযোগ দেয়ার ব্যাপারে কম সক্ষম, যার ফলে কাজে ধূস টেনে আনতে পারে। পরিগামে, এমনকি ‘ডিজিটাল নেটিভ’ জেনারেশনের সদস্যরাও তাদের বিভিন্ন কাজের সময় বিভাজনের ওপর সহজাত নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। অন্য কথায়, ডিজিটাল মাল্টিটাক্সিং যোগ্যতার ক্ষেত্রে বিপজ্জনক বিভ্রমের জন্ম দিতে পারে।

সুখবরাটি হচ্ছে, আপনার মনোযোগের পরিধি সংরক্ষণ করতে আপনার ব্রেন রিসাইট করার প্রয়োজন নেই। আগনি নিজেকে সহায়তা করতে পারেন যেসব বিষয় আপনার মনোযোগকে ভিন্নপথে ধারিত করে সেসব বিষয় নিয়ে চিন্তাভাবনা করে এবং সে মনোযোগ হারানোর সংক্রমণ থেকে নিজেকে বাঁচানের কৌশল উদ্ভাবন করে। আপনাকে অনুশীলন করতে হবে কিছু সেলফ-কন্ট্রুল বা আত্মনিয়ন্ত্রণের কৌশল। ফেসবুক নেটিফিকেশন প্রতিরোধ করতে পারেন না? কাজের সময় এসব বক্ষ রাখুন। ভিডিও গেমে আসক্ত হয়ে পড়েছেন? আপনার ডিভাইসকে নজরের বাইরে রাখুন, সহজেই যাতে তা হাতে না পেতে পারেন।

ভিডিও গেমস আমাদের আগ্রাসী করে তোলে- এই অভিযোগের জবাব কী? অনেক প্রতিবেদনে সমর্থন আছে এই অভিযোগের। ২০১৫ সালে অ্যামেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশনের সমীক্ষাগুলোর একটি পর্যালোচনা প্রকাশিত হয়। এতে বলা হয়, ভায়োলেন্ট ডিভিড গেম খেলা আগ্রাসী চিন্তাভাবনা, অনুভূতি ও আচরণকে উসকে দেয়, এর ফলে ঘটনার শিকারের প্রতি সহমর্থিতা করে যায়। এই উপসংহার আসে ল্যাবরেটরি রিসার্চ এবং অনলাইন গেম খেলোয়াড়দের ওপর নজরদারি থেকে। গেমারদের বেলায় যত বেশি ভিডিও গেম খেলা হয়, গেমার তত বেশি ভায়োলেন্ট হয়, তাদের আচরণও হয় তত বেশি আগ্রাসী।

গেমিং কি মন্তিকের উন্নয়ন ঘটায়? এই সমীকরণের বেনিফিট সাইড হচ্ছে, বেশ কয়েকটি সমীক্ষায় দাবি করা হয়- ভিডিও গেম রিয়ালিশন টাইম, মনোযোগের পরিধি ও কাজের পরিবার উন্নয়ন ঘটায়। এক্ষেত্রে ডায়ানামিক ও এঙ্গেইজিং অ্যাকশন গেমগুলো ইতিবাচক- অবরুদ্ধ পরিবেশে গেমারের দ্রুত রিয়াস্ট করতে শিখে। নজর রাখে সংশ্লিষ্ট ইনফরমেশনের ওপর এবং তা মনে রাখে। যেমন- ২০১৪ সালে জন হপকিনস বিশ্ববিদ্যালয়ের কারা ব্ল্যাকার ও তার সহকর্মীদের পরিচালিত ‘কল অব ডিউটি’ সিরিজে গেমের ভিজ্যাল মেমরি (শর্ট-টার্ম মেমরি) প্রভাবের সমীক্ষা তুলে ধরেন। এসব গেমে গেমারেরা সৈনিকদের নিয়ন্ত্রণ করে। গবেষকেরা জানতে পারেন ৩০ ঘণ্টা গেম খেললে এই সক্ষমতা বাড়ে।



## ডিজিটাল ডিভাইস কি আমাদের মন্তিক পাল্টে দিচ্ছে?

মো: সাদাদ রহমান

থেকে, যে ডিজিটাল ডিভাইস দখল করে নিচে আমাদের মনোযোগ। একজন বয়সুর কাছ থেকে আসা একটি ম্যাসেজ, সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করা একটি সহক্ষিণী কাহিনী অথবা একটি সাইটে একটি অনলাইন সেলস প্রমোশনের কাজ করে মানব মন্তিকের মতোই। এগুলো আমাদের বার বার ক্ষিণে হাজির করতে পারে বলে এর প্রতি আমরা মনোযোগী হয়েছি।

মানুষ কনস্ট্যান্ট আউটপুট নিয়ে বিশ্বিত হয়। কিন্তু কিছু মানুষের বিশ্বাস, তারা মাল্টিটাক্সার হয়ে উঠেছে- তারা ভাবে এরা এক আউট দক্ষতা না হারিয়ে অব্যাহতভাবে এমনকি ড্রাইভিংয়ের সময়েও কাজে ও টুইটারে একই সাথে কাজ করতে পারছে। কিন্তু একটি গবেষণা কমিটি নিশ্চিত করেছে, এই ছাপ হচ্ছে একটি বিশ্বম মাত্র। যখন কোনো ব্যক্তি একসাথে একাধিক এমন কিছু করতে চেষ্টা করে, যা করতে মনোযোগের প্রয়োজন হয়, তখন ক্ষমসংলগ্ন ঘটাতি দেখা দেয়। অধিকন্তু ২০১৩ সালে তৎকালের ফ্রান্সের মাসের ইউনিভার্সিটির স্টিফেন অ্যামেতো ও তার সহকর্মী দেখান, ওয়েবপেজ সার্ফিং মানুষকে এক ধরনের পক্ষপাতিতে সহজগ্রাহী করে তোলে, যার নাম প্রাইমেস ইমপেস্ট- এরা তাদের দেখা প্রথম কয়েকটি ইনফরমেশনকে পরবর্তী অবশিষ্ট্য ইনফরমেশন থেকে বেশি গুরুত্ব দিয়ে থাকে।

প্রশিক্ষণ মাল্টিটাক্সের উন্নয়ন ঘটায় না। ২০০৯ সালে তৎকালীন স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির ইয়েল ওফিস এবং তার সহকর্মীরা আবিক্ষার করেন-